



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ১৫/নতুন/মুসী/ ০৭২৮

তারিখ : ০১/০৭/১৫

## অফিস আদেশ

বিষয় : নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রথম স্বীকৃতিসহ সময়সীমা বৃদ্ধি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জাজিরা সৈয়দপুর আলহাজ্ব এম.এ. কাশেম নিম্ন মাধ্যমিক বিদ্যালয়-টি মৌলিক শর্তাবলী পূরণ করায় নিম্নলিখিত প্রচলিত সাধারণ শর্তে বিদ্যালয়টিকে (৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি পর্যন্ত) ০১/০১/২০১৬ হতে ৩১/১২/২০২০ তারিখ পর্যন্ত মোট ৫ (পাঁচ) বছরের জন্য নিম্ন মাধ্যমিক বিদ্যালয়টিকে অস্থায়ীভাবে প্রথম স্বীকৃতিসহ স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি করা হলো।

### শর্তসমূহ :

- ১। এ অস্থায়ী স্বীকৃতি প্রদানের ফলে সরকারের উপর কোন আর্থিক দায়-দায়িত্ব বর্তাবে না।
- ২। পরিবেশিত যে কোন তথ্য ভুল বা মিথ্যা প্রমাণিত হলে অস্থায়ী স্বীকৃতি প্রত্যাহার করা হবে।
- ৩। বিদ্যালয়ের শিক্ষারমান উন্নয়নের জন্য শিক্ষককে পাঠভিত্তিক পাঠপরিকল্পনা প্রস্তুত করে শ্রেণি কক্ষে পাঠদান দিতে হবে।
- ৪। বিদ্যালয়ের লেখাপড়ার পাশাপাশি সহ-পাঠ্যক্রমিক কার্যক্রম (বার্ষিক ক্রীড়ানুষ্ঠান, সাহিত্য ও সাংস্কৃতিক বিষয়ক অনুষ্ঠান) পরিচালনা করতে হবে।
- ৫। জেএসসি পরীক্ষায় কমপক্ষে ৭০% পরীক্ষার্থী উত্তীর্ণ হতে হবে।
- ৬। বিদ্যালয়ের চারিপার্শ্বে মূল্যবান ফলজ ও বনজ বৃক্ষরোপন করে সংরক্ষণের ব্যবস্থা করতে হবে।
- ৭। সরকারি নীতিমালা অনুযায়ী (নিবন্ধনকৃত) শিক্ষক নিয়োগ থাকতে হবে এবং প্যাটার্ণ বহির্ভূত কোন শিক্ষক নিয়োগ করা যাবে না।
- ৮। বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিভিন্ন ফি-এর অতিরিক্ত আদায় করলে এ আদেশ বাতিল হয়ে যাবে।
- ৯। বোর্ডের পরামর্শক্রমে আগামী ৬ (ছয়) মাসের মধ্যে বিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইট উন্নয়ন করতে হবে।
- ১০। বিদ্যালয়ে জেএসসি পরীক্ষার্থী সংখ্যা ও ফল আরো বৃদ্ধি করতে হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাক্ষর

এ.টি.এম. মইনুল হোসেন  
বিদ্যালয় পরিদর্শক

প্রাপক : প্রধান শিক্ষক

জাজিরা সৈয়দপুর আলহাজ্ব এম.এ. কাশেম নিম্ন মাধ্যমিক বিঃ, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,  
পোঃ- জাজিরা সৈয়দপুর, উপজেলা- সদর,  
জেলা- মুসীগঞ্জ।

মেমো নং- ০৭২৮ (৭)

তারিখ : ০১/০৭/১৫

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, মুসীগঞ্জ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, সদর, মুসীগঞ্জ।
- ৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৫। জেলা শিক্ষা অফিসার, মুসীগঞ্জ।
- ৬। সভাপতি, নির্বাহী কমিটি, জাজিরা সৈয়দপুর আলহাজ্ব এম.এ. কাশেম নিম্ন মাধ্যমিক বিদ্যালয়।
- ৭। অফিস কপি।

০১/০৭/১৫

বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,  
ঢাকা।

মুসীগঞ্জ  
০১/০৭/১৫